**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**18 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

====================================================

(১) বিশিষ্ট কবি সমীর তাঁতীকে 'ফড়িংবোরে বাটোর কথা জানে' কাব্যগ্রন্থের জন্য অসমীয়া ভাষায় এই বছরের সাহিত্য অ্যাকাদেমি পুরস্কার/

(২) ২০০৮ সালের ধারাবাহিক বোমা বিস্ফোরণের মূল অভিযুক্ত রঞ্জন দৈমারীর জামিন সুপ্রীম কোর্টে নাকচ/

(৩) উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য ডিসেম্বর মাসের মধ্যে প্রি-ফাইনাল পরীক্ষা/

এবং

(৪) শিলচরের কাছে রাণীঘাটের রায়পুরে গতরাতে এক সড়ক দুর্ঘটনায় তেরো মাসের শিশুকন্যা সহ মায়ের সলিল সমাধি/

---

বিশিষ্ট অসমীয়া কবি সমীর তাঁতীকে এ বছরের সম্মানজনক সাহিত্য একাডেমী পুরস্কার প্রদান করা হয়েছে । সাহিত্য একাডেমী আজ নতুন দিল্লীতে ঘোষণা করা ২১ টি ভারতীয় ভাষার মধ্যে অসমীয়া ভাষায় ফরিংবোরে বাটর কথা জানে কাব্যগ্রন্থের জন্য সমীর তাঁতীকে এই পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে । ১৯৫৫ সালের ৬ ফেব্রুয়ারী গোলাঘাট জেলার বোকাখাটের নিকটবর্তী বিহরা চা বাগানে জন্মগ্রহণ করা সমীর তাঁতী

দেরগাঁওয়ের কমল দুওরা কলেজ থেকে স্নাতক এবং গৌহাটী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন । আধুনিক অসমীয়া কবিদের মধ্যে অন্যতম প্রগতিশীল ও মানবতাবাদী কবি হিসেবে পরিচিত সমীর তাঁতীর এপর্যন্ত মোট ১৪ টি কাব্য সংকলন প্রকাশিত হয়েছে । এছাড়াও জাপানী প্রেমের কবিতা এবং আলজেরিয়ার বিখ্যাত কবি আলবেয়ার কেমুর কবিতা সংকলনের অসমীয়া অনুবাদ হচ্ছে তাঁর অন্যতম সাহিত্য কৃতি । ২০১২ সালে তাঁকে মেগর সাহিত্য ন্যাসের সম্মানজনক আসাম উপত্যকা সাহিত্য পুরস্কারে সম্মানিত করা হয় । এদিকে বড়ো ভাষার ঔপন্যাসিক অরণ রাজাকে এবং হাউবাম সত্যবতী দেবীকে তাঁর কাব্য সংকলনের জন্য মণিপুরী ভাষায় এবছর সাহিত্য একাডেমী পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট ২০০৮ সালের ৩০শে অক্টোবর গুয়াহাটির ধারাবাহিক বোমা বিস্ফোরণের মামলায় অভিযুক্ত এন ডি এফ বি'র প্রধান রঞ্জন দৈমারীর জামিন আবেদন অগ্রাহ্য করেছে । আদালত আজ এই মামলার বর্তমান অবস্থানের ভিত্তিতে দৈমারীর আবেদন অগ্রাহ্য করেছে । সুপ্রীম কোর্ট একইসঙ্গে ২০২৫ সালের শেষভাগে মূল মামলার শুনানি অনুষ্ঠিত হবে বলে স্পষ্ট করে দিয়েছে । উল্লেখ্য- একটি বিশেষ আদালত ৮৮জন নিরীহ লোকের প্রাণ কেড়ে নেওয়া ২০০৮ সালের বোমা বিস্ফোরণ সংক্রান্ত মামলায় রঞ্জন দৈমারী এবং অন্য ন'জনকে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করেছিল । পরে গৌহাটি হাইকোর্ট দৈমারীকে প্রদান করা যাবজ্জীবন কারাদন্ড বহাল রেখেছিল । এরপর দৈমারী সুপ্রীম কোর্টের দ্বারস্থ হয় ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ড.বি আর আম্বেদকরকে অপমান করেছেন বলে অভিযোগ করে বিরোধী পক্ষের সৃষ্টি করা হৈ-হট্টগোল পরিস্থিতির জন্য আজ সংসদের উভয় সভার কার্যসূচী দুপুর দুটো পর্যন্ত স্থগিত রাখা হয় । আজ সকালে লোকসভায় কংগ্রেস , ডি এম কে এবং বাম দল সহ বিরোধী পক্ষের সাংসদরা শ্রী শাহের গতকাল রাজ্যসভায় করা মন্তব্যকে নিয়ে ধ্বনি দিয়ে সভার মধ্যে হৈ-হট্টগোল পরিস্থিতির সৃষ্টি করেন । সংসদীয় পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এবং শাসক পক্ষের অন্য সদস্যরা বিরোধী পক্ষের সাংসদদের আচরণের বিরোধিতা করেন ।
এই হৈ-হট্টগোল পরিস্থিতির মধ্যে অধ্যক্ষ ওম বিড়লা সভার কাজকর্ম দুপুর দুটো পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

রাজ্যসভায়ও অনুরূপ পরিস্থিতির সৃষ্টি হয় ।সকালে সভা মিলিত হবার সময়ে কংগ্রেস ,ডি এম কে,আর জে ডি,আম আদমী পার্টী এবং অন্য দলের সাংসদরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মন্তব্যের বিরোধিতা করে শ্লোগান দিতে আরম্ভ করেন । এই পরিস্থিতির মধ্যে সভাপতি জগদীপ ধনকর বলেন যে ড.আম্বেদকর একজন সম্মানীয় ব্যাক্তি এবং সকলের জন্য নিদর্শনস্বরূপ । এরপর কিরেন রিজিজু বলেন যে শ্রী শাহ আম্বেদকরকে সম্মান প্রদর্শন করেছেন ।

এদিকে বিরোধী পক্ষের সাংসদরা শ্রী শাহের কাছে ক্ষমা চেয়ে আজ সংসদ ভবনের বাইরে প্রতিবাদ জানান । কংগ্রেস ,ডি এম কে ,আর জে ডি ,আম আদমী পার্টী ,বাম দল এবং অন্য দলের সাংসদরা বিষয়টি নিয়ে সরকারের বিরুদ্ধে ধ্বনি দিতে আরম্ভ করেন । রাজ্যসভায় বিরোধী পক্ষের নেতা মল্লিকার্জুন খার্গে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তা বলার সময় স্বরাষ্ট্র মন্ত্রীকে তাঁর মন্তব্যের জন্য তীব্র সমালোচনা করেন ।

------------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনে প্রার্থীদের অর্থ ব্যয়ের সীমা বৃদ্ধি করে রাজ্য নির্বাচন কমিশন গতকাল এক নির্দেশনা জারি করেছে । সেই অনুসারে ২০১২ সালের নির্বাচনের তুলনায় এইবার দেড়শো শতাংশ ব্যয় বৃদ্ধিতে কমিশন অনুমোদন জানিয়েছে । নির্বাচনের ফলাফল ঘোষণার দুমাসের মধ্যে ব্যয়ের হিসাব জেলা আয়ুক্তের মাধ্যমে কমিশনের কাছে দাখিল না করলে পরবর্তী পঞ্চায়েত নির্বাচনে ঐ প্রার্থী আর প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হতে পারবেন না বলে জানানো হয়েছে । উল্লেখ্য- ২০১২ সালে জেলা পরিষদ পদের প্রার্থীদের নির্বাচনী ব্যয়ের সীমা চার লক্ষ টাকা ছিল । কমিশনের সূত্রে জানানো হয়েছে যে- এইবার একজন সদস্য সর্বাধিক দশলক্ষ টাকা পর্যন্ ব্যয় করতে পারবেন । উল্লেখ্য- জেলা পরিষদ সদস্যের সংখ্যা পূর্বের ৪২০ জনের থেকে নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণের পর কমে ৩৯৭ হয়েছে । এদিকে আঞ্চলিক পঞ্চায়েত সদস্যরা পূর্বের একলক্ষ টাকার পরিবর্তে বর্তমানে আড়াই লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করতে পারবেন । আঞ্চলিক পঞ্চায়েত সদস্যের সংখ্যাও পূর্বের ১৮৫ থেকে কমে ১৮১ হয়েছে। এছাড়া গ্রাম পঞ্চায়েত সদস্যদের ব্যয়ের সীমা পূর্বের দশ হাজার টাকা থেকে বাড়িয়ে ২৫ হাজার টাকা করা হয়েছে । সংশোধিত পঞ্চায়েত আইন অনুসারে এবার থেকে সরাসরি গ্রাম পঞ্চায়েত সভাপতি নির্বাচন করা হবে না । এর পরিবর্তে গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্যদের মধ্যে থেকে একজনকে সভাপতি বাছাই করে নেওয়া হবে । পঞ্চায়েত এলাকার নতুন সীমা অনুসারে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা পূর্বের দুহাজার ২০২ টির থেকে কমে দুহাজার ১৯3টি হয়েছে । উল্লেখ্য- আগামী মাসে দুটি পর্যায়ে এই

নির্বাচন অনুষ্ঠিত হবে বলে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী ইতিমধ্যে ঘোষণা করেছেন ।

------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার বিগত ১০ বছরে দেশের সংখ্যালঘু সম্প্রদায় সহ দুঃস্থ জনসাধারণের জীবন ধারণের মান উন্নত হয়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন । নতুন দিল্লীতে আজ সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় কমিশনের ২০ তম প্রতিষ্ঠা দিবসে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সরকার সবকা সাথ সবকা বিকাশ মন্ত্রে এগিয়ে যাচ্ছে । শ্রী প্রধান প্রধানমন্ত্রী আবাস যোজনা এবং প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার মতো সরকারী প্রকল্পগুলিতে আলোকপাত করে বলেন যে এই প্রকল্পগুলি বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের জীবন ধারণের মান উন্নত করেছে । শিক্ষার গুরুত্বের কথা উল্লেখ করে শ্রী প্রধান বলেন যে সংখ্যালঘু সম্প্রদায়ের সবলীকরনের জন্য সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় কমিশন গঠন করা হয়েছিলো । শিক্ষামন্ত্রী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে বিশেষ করে সংখ্যালঘু প্রতিষ্ঠানগুলিকে জাতীয় শিক্ষানীতি ২০২০ সঠিকভাবে রূপায়ন করার আহ্বান জানান ।

------------------------------------------------------------------------------------------

নিখিল ভারত কংগ্রেস কমিটির আহ্বানে দলটির সদস্যদের দেশব্যাপী পালন করা ‘রাজভবন চলো’ কার্যসূচীর অংশ হিসেবে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সদস্যরাও আজ গুয়াহাটিতে রাজভবন চলো শীর্ষক প্রতিবাদ কার্যসূচী পালন করেছেন । আমাদের গুয়াহাটি সংবাদদাতা জানিয়েছেন যে- প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরা এবং দলটির বেশকয়েকজন প্রবীণ নেতা এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন । এদিকে এই কার্যসূচীকে বাধা দিতে পুলিশ রাজভবনের প্রবেশদ্বারের সম্মুখে বেষ্টনী গড়ে তোলে। এই বেষ্টনী পেরিয়ে ভেতরে যাওয়ার চেষ্টা করলে প্রতিবাদকারীদের পুলিশ বাধা দেয় । পুলিশ প্রতিবাদকারীদের ছত্রভঙ্গ করার চেষ্টা চালানোর সময় মৃদুল ইসলাম নামে একজন কংগ্রেস কর্মী আহত হন । এবং পরে হাসপাতালে তার মৃত্যু হয়েছে । এই ঘটনা সম্পর্কে প্রদেশ কংগ্রেস কমিটি আজ আজ বিকেলে লতাশীল পুলিশ থানায় একটি এজাহার দাখিল করেছে । এই এজাহারে পুলিশের কাঁদানে গ্যাস প্রয়োগের ফলেই মৃদুল ইসলামের মৃত্যু হয়েছে বলে কংগ্রেস অভিযোগ করেছে । গুয়াহাটির পুলিশ কমিশনার দিগন্ত বরা এই ঘটনা সম্পর্কে বলেছেন যে- আজ কংগ্রেসের প্রতিবাদকারীরা পুলিশের তিনটি ব্যারিকেড ভেদ করে রাজভবনে প্রবেশ করার চেষ্টা করে । ব্রহ্মপুত্র অতিথিশালার রোটারিতে অবস্থানরত দ্বিতীয় ব্যারিকেডটি পার হবার চেষ্টা করার সময়ে পুলিশ পাঁকা রাস্তায় প্রতিবাদকারীদের মধ্যে কাঁদানে গ্যাসের গোলা চালাতে বাধ্য হয় ।

পুলিশ কাঁদানে গ্যাসের বন্দুকের গুলি নিক্ষেপ করেনি বলে শ্রী বরা জানিয়েছেন । হাসপাতালে মৃত্যু হওয়া ঐ ব্যক্তি ঘটনাস্থলী থেকে গিয়ে একটি বাহনে জল পান করা অবস্থায় সজ্ঞাহীন হয়ে পড়েছিল বলে পুলিশ কমিশনার স্পষ্ট করে দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ উচ্চতর মাধ্যমিক চুড়ান্ত বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য চলতি ডিসেম্বর মাসের মধ্যে প্রি-ফাইনাল পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে । সকল অনুমতিপ্রাপ্ত এবং স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানে এই প্রি-ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে । পর্ষদের সচিবের আজ জারি করা এক নির্দেশনা অনুসারে সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের এই পরীক্ষা আয়োজনের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে এই পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের লাভ করা নম্বর বাধ্যতামূলকভাবে সুরক্ষিত রাখতে হবে । পরে সেসব পর্ষদের মার্কস এন্ট্রি পোর্টালে অর্ন্তভুক্ত করতে হবে ।

---------------------------------------------------------------------------------------------

বড়খলা বিধানসভা এলাকার রাণীঘাটের কাছে রায়পুরে গতরাতে এক সড়ক দুর্ঘটনায় তেরো মাসের একটি শিশু সহ এক মহিলার মৃত্যু হয়েছে । উল্লেখ্য- শিলচর থেকে চিকিৎসা করে শিশুকন্যাটিকে নিয়ে বাড়ি ফেরার পথে বুড়িবাইলের বাসিন্দা জনৈক ব্যক্তি নিজে গাড়ি চালিয়ে যাওয়ার সময় অল্টো গাড়িটি রায়পুর এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বাঁধ থেকে গড়িয়ে বরাক নদীতে পড়ে যায় । চালক ব্যক্তিটি গাড়ির কাঁচ ভেঙে বেরিয়ে আসতে সক্ষম হলেও তার স্ত্রী ও শিশুকন্যাকে নিয়ে গাড়িটি বরাক নদীর জলে তলিয়ে যায় । তার চীৎকার শুনে স্থানীয় জনগণ তাকে উদ্ধার করে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন । এদিকে এই ঘটনার খবর পেয়ে কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাতো তার দলবল নিয়ে রাতেই ঘটনাস্থলে পৌঁছে যান । এবং গতরাত থেকেই এস ডি আর এফ এবং এন ডি আর এফ'এর বাহিনী নদীতে তল্লাশি শুরু করে । তবে রাতে কোনো সন্ধান না পেলেও আজ সকালে ডুবুরির সাহায্যে শিশু এবং মহিলার মৃতদেহ উদ্ধার করা হয়েছে । এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে ।

---------------------------------------------------------------------------------------------

প্রতি বছরের মতো এবারও শ্রীভূমি জেলার মালেগড় টিলায় ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের স্মৃতি বিজড়িত শহিদদের স্মরণে শহিদ দিবস পালন করা হয়েছে । শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং সীমান্ত সুরক্ষা বাহিনী-বি এস এফ এবং বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের সহযোগিতায় আজ বিভিন্ন কার্যসূচীর

মাধ্যমে সিপাহি বিদ্রোহে প্রাণ আহুতি দেওয়া মালেগড় টিলার শহিদদের স্মরণ করা হয়েছে । কার্যসূচীর মধ্যে ছিল- মালেগড় টিলার শহিদ বেদিতে পুষ্পার্ঘ অর্পণ, প্রদীপ প্রজ্জ্বলন এবং বি এস এফ জওয়ানদের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদর্শন ও সীমান্ত সুরক্ষা বাহিনীর পক্ষ থেকে সর্বধর্ম প্রার্থনা সভা ইত্যাদি । আজকের এই শহিদ দিবসের অনুষ্ঠানে শ্রীভূমি সদর সার্কেলের অফিসার ক্রিশ্চিয়ানা এনগামলাই, ১৬ নম্বর বি এস এফ ব্যাটেলিয়ানের কমান্ডার সঞ্জয় কুমার, লাতু মালেগড় সুরক্ষা সমিতির পক্ষ থেকে শাইদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ , তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে খেল মহারনের দ্বিতীয় পর্বের সূচনা করেছেন । এ উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী হাজারিকা জানান যে ক্রীড়া সুস্থ এবং প্রগতিশীল সমাজ গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে । মন্ত্রী শ্রী হাজারিকা আরো বলেন যে ক্রীড়া যুব সমাজকে বিভিন্ন ক্ষতিকারক প্রভাব থেকেও রক্ষা করে । আজকের অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , জেলার ক্রীড়া বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানা আহমেদ ,বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , কমলাক্ষ্য দে পুরকায়স্থ প্রমূখ উপস্থিত ছিলেন ।

এদিকে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাইও আজ লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের লাবক চা বাগানের খেলার মাঠে খেল মহারনের দ্বিতীয় পর্বের উদ্বোধন করেছেন ।

-------------------------------------------------------------------------------------------

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যান বিভাগের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া কার্য্যলয়ের সহযোগীতায় আজ থেকে বিধানসভা ভিত্তিক খেল মহারনের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে । হাইলাকান্দি শহরের নেতাজী সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে তিন দিনের বিধানসভা পর্য্যায়ের খেল মহারনে ২৮টি গ্রামের খেলোয়াড়রা এই প্রতিযোগীতায় অংশগ্রহন করছেন । আজ প্রথম দিন ফুটবল , ভলিবল ,কাবাডি ও এথেলেটিক্স খেলাগুলি অনুষ্ঠিত হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসাম সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের অধীনে আটটি ই-রিক্সা অনুদান হিসেবে বন্টনের সূচনা করা হয়েছে । আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে রিক্সাগুলি বন্টনের সূচনা করেন জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড

ফারহিন । উল্লেখ্য একেকটি রিক্সার মূল্য ১ লক্ষ ৪০ হাজার । এরমধ্যে ২০ শতাংশ হিতাধিকারীরা দেবেন বাকী  ৮০ শতাংশ সরকার থেকে ভর্তুকি দেওয়া হবে ।

------------------------------------------------------------------------------------